

ফার্ম কর্মীদের অধিকার ও নিয়োগকর্তার দায়িত্ব

সম্পর্কিত তথ্যের সংযোজন

WE ARE YOUR DOL



NYS ন্যূনতম মজুরি

স্থান	12/31/19	12/31/20	12/31/21*
নিউ ইয়র্ক সিটি	\$15.00	\$15.00	\$15.00
লং আইল্যান্ড ওয়েস্টচেস্টার কাউন্টি	\$13.00	\$14.00	\$15.00
নিউ ইয়র্ক স্টেটের অবশিষ্টাংশ	\$11.80	\$12.50	\$13.20*

*স্টেটের বাকি অংশের জন্য বার্ষিক বৃদ্ধি অব্যাহত থাকবে যতক্ষণ না এই রেট ন্যূনতম \$15 মজুরিতে না পৌঁছায়। 2021 সাল থেকে, বার্ষিক বৃদ্ধি 1 অক্টোবর বা তার আগে শ্রম কমিশনার দ্বারা প্রকাশিত হবে। সেগুলি গ্রাহক মূল্য সূচকসহ অর্থনৈতিক সূচকগুলির ভিত্তিতে বাজেট বিভাগের পরিচালক দ্বারা নির্ধারিত শতকরা হারের বৃদ্ধির ভিত্তিতে তৈরি হবে।

1 জানুয়ারী, 2020 থেকে কার্যকর:

বেতন ও ওভারটাইম

ফরেন ভিসার কর্মীরা সহ সকল ফার্ম কর্মীদেরকে এখন প্রতি ক্যালেন্ডার সপ্তাহের 60 ঘণ্টার বেশি কাজের জন্য নিয়মিত হারের বেতনের থেকে দেড়গুণ বেশি দিতে হবে। আরও তথ্যের জন্য, NYS শ্রম দপ্তরের সঙ্গে 877-466-9757 নম্বরে যোগাযোগ করুন অথবা www.labor.ny.gov/FarmLabor দেখুন।

বিশ্রামের দিন

নিয়োগকর্তাদেরকে প্রতি ক্যালেন্ডার সপ্তাহে অন্তত একটি (পরপর 24 ঘণ্টার) দিন অবশ্যই বিশ্রাম দিতে হবে। নিয়োগকর্তাকে আগে থেকে বিজ্ঞপ্তি দিয়ে কর্মীদের বিশ্রামের দিন জানাতে হবে, ধর্মীয় কারণেও ছুটি দিতে হবে। ফার্মের কর্মীরা স্বেচ্ছায় বিশ্রামের দিন কাজ করতে পারেন, সেইসব দিনে কাজের জন্য নিয়োগকর্তা ওভারটাইমের হিসাবে বেতন দিতে হবে। নিয়োগকর্তাকে কর্মীদের সাপ্তাহিক কাজের সময় ও কত দিন কাজ করেছে তার হিসাব রাখতে হবে। আরও তথ্যের জন্য, NYS শ্রম দপ্তরের সঙ্গে 877-466-9757 নম্বরে যোগাযোগ করুন অথবা www.labor.ny.gov/FarmLabor দেখুন।

বেকার ভাতা

ফার্ম নিয়োগকর্তা ও ফার্মের ক্রু লিডারদেরকে তাদের কর্মীদেরকে বেকার ভাতার কভারেজ দিতে হবে। H-2A বিদেশী অতিথি কর্মীরা বেকার ভাতার কভারেজ থেকে বর্হিত। আরও তথ্যের জন্য, NYC শ্রম দপ্তরের বেকার ভাতার কর্মীদের হটলাইনে 888-899-8810নম্বরে কল করুন।

শ্রমিক ক্ষতিপূরণ

ফার্ম নিয়োগকর্তা, মালিক বা অপারেটরদেরকে তাদের কর্মীদেরকে বার্ষিক বেতন নির্বিশেষে শ্রমিকদের ক্ষতিপূরণের কভারেজ দিতে হবে এবং সমস্ত নিয়োগকর্তাকে ইংরেজি ও বাংলা উভয় ভাষাতেই বাধ্যতামূলক শ্রমিকদের ক্ষতিপূরণের বিজ্ঞপ্তি লাগাতে হবে। এছাড়াও ফার্ম শ্রমিক ঠিকাদার, জমাদার এবং সুপারভাইজার যারা আঘাতের বিজ্ঞপ্তি পাবেন তাদেরকে অবশ্যই যে ফার্মে ঘটনাটি ঘটেছে তার নিয়োগকর্তা, মালিক বা অপারেটরকে জানাতে হবে এবং নিয়োগকর্তারা শ্রমিকদের ক্ষতিপূরণ দাবির ফরম চেয়েছে এমন কোনও ফার্ম কর্মীর বিরুদ্ধে বৈষম্যতা দেখাতে পারবে না। আরও তথ্যের জন্য শ্রমিকদের ক্ষতিপূরণের পর্ষদে 877-632-4996 নম্বরে কল করুন বা www.wcb.ny.gov দেখুন।*

প্রতিবন্ধী বিমা ও স্ববৈতনিক পারিবারিক ছুটি

ফার্মের নিয়োগকর্তা, ঠিকাদার, জমাদার এবং সুপারভাইজাররা যোগ্য কর্মীদের নিউ ইয়র্কের প্রতিবন্ধী সুবিধা এবং (DB) এবং স্ববৈতনিক পারিবারিক ছুটি (PFL) বিমার কভারেজ দেবে। PFL কর্মী যোগ্যতার জন্য PaidFamilyLeave.ny.gov দেখুন এবং নিয়োগকর্তাকে যোগ্য কর্মীদের প্রদান করতে হবে এমন অব্যাহতি বাছুন। নিয়োগকর্তারা DB বা PFL দাবির ফরম অনুরোধ করার জন্য কর্মীদের প্রতি বৈষম্যমূলক আচরণ করতে পারবে না। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে 844-337-6303নম্বরে কল করুন।*

*শ্রমিকদের ক্ষতিপূরণ, প্রতিবন্ধী সুবিধা ও স্ববৈতনিক পারিবারিক ছুটি সংক্রান্ত আরও তথ্য ও নিয়োগকর্তা সম্পদের জন্য, ফার্মের নিয়োগকর্তাদের জন্য শ্রমিকদের ক্ষতিপূরণ পর্ষদের সাধন দেখুন:www.wcb.ny.gov/farmtoolkit

সংগঠন করার অধিকার

ফার্ম কর্মীদের শ্রম সংগঠন তৈরি, যোগদান ও সহায়তার অধিকার ও তাদের নিজস্ব প্রতিনিধির মাধ্যমে বেতন নিয়ে আলোচনা করার অধিকার আছে। অন্যান্য পারস্পরিক সহায়তা বা সুরক্ষা, হস্তক্ষেপমুক্ত সংযম বা নিয়োগকর্তার বলপ্রয়োগ উদ্দেশ্যের জন্য সম্মিলিত কর্মকাণ্ডের অধিকার (কোনও কার্যকলাপ, আলোচনা, বা চাকরির শর্তাবলী বা কর্মীদের গোষ্ঠী স্বার্থ উন্নত করার নির্দেশিত বৈঠক) এতে অন্তর্ভুক্ত। তবে, ফার্ম কর্মীদের ধর্মঘট করার অধিকার নেই। শ্রম শর্তাবলী ও সংগঠন নিয়ে ফার্ম কর্মী নিজেদের মধ্যে কথা বললে তার কারণে তাদেরকে কাজ থেকে বরখাস্ত করা সহ প্রতিশোধ নেয়া থেকে সুরক্ষিত। আরও তথ্যের জন্য পাবলিক এমপ্লয়ি রিলেশনস বোর্ডের 518-457-6410 নম্বরে কল করুন অথবা perb.ny.gov দেখুন।

1 জানুয়ারী, 2021 থেকে কার্যকর:

অভিবাসী ফার্ম কর্মীর হাউজিং পারমিট

নিয়োগকর্তাকে NYS স্বাস্থ্য বিভাগের (বা প্রাদেশিক স্বাস্থ্য বিভাগ) সঙ্গে যোগাযোগ করে ফার্ম চালাতে বা এক বা একাধিক অভিবাসী কর্মী থাকবে এমন লেবার ক্যাম্পের জন্য পারমিটের আবেদন করতে হবে। পারমিটের প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য, NYS স্বাস্থ্য বিভাগের সঙ্গে 518-402-7600 নম্বরে কল করুন। আপনার প্রাদেশিক স্বাস্থ্য বিভাগ খুঁজুন: www.health.ny.gov/contact/contact_information/